যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ... ৮ ...

০১ ২০০২

# পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশের অরিয়েন্টেশন প্রোগ্রাম সম্পন্ন

পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশের সামার সেমিস্টারের নবাগত ছাত্রছাত্রীদের অরিয়েন্টেশন প্রোগ্রাম গত রোববার বিশ্ববিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ আনসার ভুঁইয়া অনুষ্ঠানে সভাপতি ছিলেন। বোর্ড অব গভর্নসের চেয়ারম্যান এএম বদরুজ্জামান খান খসরু প্রধান অতিথি হিসাবে সভায় উপস্থিত ছিলেন। রেজিস্ট্রার একে মনসুর আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক আবদুল বারেক মিয়া অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। কলা অনুষদের ডিন প্রফেসর ড. আহসানুল হকও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের এডমিশন অফিসার ফারজানা মেহরিন দিপ্তী। রেজিস্ট্রার মনসুর আহমেদ নবাগতদের উদ্দেশে স্বাগত ভাষণ দেন এবং নবাগতদের শুভ কামনা করেন। তিনি পিপলস ইউনিভার্সিটির শিক্ষা কার্যক্রমের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক তুলে ধরেন এবং ছাত্রছাত্রীদের প্রকৃত জ্ঞানার্জনের জন্য কঠোর পরিশ্রমী হতে বলেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কর্মসূচি সফল করার জন্য তিনি ছাত্রছাত্রীদের সহযোগিতা কামনা করেন। সংবাদ বিজ্ঞপ্তি।